



সংখ্যা : ১৫.৫৫.০০০০.০০১.১৯.৩৫৬.১৩. ৫৫

তারিখ : ২০ ডিসেম্বর ২০২১ খ্রি.

## প্রেস রিলিজ

ঢাকা, ২০ ডিসেম্বর ২০২১ খ্রি.

মহান বিজয়ের সুবর্ণজয়ন্তী ও বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ উদযাপন উপলক্ষ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়াদীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট এবং বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট যৌথ উদ্যোগে ২০-২১শে ডিসেম্বর, ২০২১ খ্রি. দু'দিনব্যাপী অনুষ্ঠানমালার আয়োজন করেছে। অনুষ্ঠানমালায় রয়েছে চলচ্চিত্র প্রদর্শনী ও সেমিনার।

আজ অনুষ্ঠানের ১ম দিনে ইনস্টিটিউটের শেখ রাসেল মিলনায়তনে চলচ্চিত্র প্রদর্শনী শুরু হয়েছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. হাছান মাহমুদ, এমপি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানমালার শুভ উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) শাহিন ইসলাম, এনডিসি।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের প্রধান নির্বাহী জনাব মো. আবুল কালাম আজাদ। বিশেষ অতিথির বক্তব্য রাখেন সাবেক প্রধান তথ্য অফিসার জনাব এ. কে. এম শামীম চৌধুরী। এছাড়া আহবায়ক হিসেবে বক্তব্য রাখেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) জনাব মো. জাহিদুল ইসলাম।

প্রসঙ্গত, দু'দিনব্যাপী এ চলচ্চিত্র প্রদর্শনী ও সেমিনারে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট এবং বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট নির্মিত ১১টি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র প্রদর্শন করা হবে। পাশাপাশি ২১শে ডিসেম্বর বিকেলে 'চিরঞ্জীব মুজিব' চলচ্চিত্র (বঙ্গবন্ধুর জীবনালম্বনে প্রধানমন্ত্রীর স্ক্রিপ্ট রাইটার কর্তৃক নির্মিত) প্রদর্শিত হবে। এছাড়া, ২১শে ডিসেম্বর দুপুর ২টা থেকে 'বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র: প্রত্যাশা ও প্রাপ্তি' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হবে। এতে বিশিষ্ট চলচ্চিত্র গবেষক জনাব অনুপম হায়াত মূল প্রবন্ধ উপস্থাপন করবেন। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মো: মকবুল হোসেন পিএএ।



আবদুল হান্নান

গণসংযোগ কর্মকর্তা

ফোন : ৫৫০৭৯৩৮-৪২

### বিতরণ :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। মুখ্য বার্তা সম্পাদক / চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন / বাংলাদেশ বেতার / বাংলাদেশ সংবাদ সংস্থা / এটিএন বাংলা / চ্যানেল আই / একুশে টিভি / এনটিভি / সময় টিভি / আরটিভি / দৈনিক ইত্তেফাক / দৈনিক জনকণ্ঠ / দৈনিক প্রথম আলো / দৈনিক যুগান্তর / বাংলাদেশ প্রতিদিন / দৈনিক ভোরের কাগজ / দৈনিক ভোরের পাতা / দৈনিক সকালের খবর / এবিসিনিউজবিডি.কম/কমিউনিটি বেতারসমূহ।
- ৩। প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। কার্যালয় নথি।